নৌ-পরিবহন অধিদপ্তরের উদ্ভাবনা সংক্রান্ত বাৎসরিক পরিকল্পনা (২০১৭)

১। ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে সম্পাদিত কর্মকান্ড:

- ILO কনভেনশনের আলোকে বাংলাদেশী নাবিকদের অনুকূলে Seafarer's Machine Readable Identity Document (SID) জারী করা হচ্ছে এবং এর গ্রহণযোগ্যতা বজায় রাখার জন্য উক্ত পদ্ধতি আধুনিকায়ন করা হয়েছে, যা সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি পুরণের একটি উলেস্নখযোগ্য পদক্ষেপ ।
- বাংলাদেশী নাবিকদের যোগ্যতা সনদের অন-লাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।
- নাবিকদের সিডিস্থির ডাটা বেইজ তৈরী করতঃ অন-লাইন যাচাই ব্যবস্থা চালু করা হয়েছে।
- নাবিকদের অনুকূলে জারীকৃত Certificate of Proficiency (CoP) এর ডাটা বেজ তৈরী করা হয়েছে।
- অভ্যন্তরীণ নৌযানের মাষ্টার-ড্রাইভারদের যোগ্যতা সনদ অন লাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।
- নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের উদ্দেশ্যে ২য় প্রজন্মের সিটিজেন চার্টার প্রণয়ন করতঃ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং তা হালনাগাদ করা হচ্ছে।
- দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রবর্তন করা হয়েছে।
- মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউটসমূহের প্রশিক্ষণ কার্যক্রম অন-লাইন মনিটরিং এর আওতায় আনা হয়েছে।
- বেসরকারী মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউটসমূহে পরিচালিত বিভিন্ন কোর্সের রেজিষ্ট্রেশন নাম্বার অন-লাইনে প্রদান করা হচ্ছে।
- নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক সমুদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের নাবিক ও কর্মকর্তাদের বিভিন্ন ধরণের সার্টিফিকেট অব কম্পিটেন্সী (CoC), সার্টিফিকেট অব প্রফিসিয়েন্সী (CoP) তৈরীর কাজ সম্পাদনের তথ্য মোবাইল ম্যাসেজের মাধ্যমে সেবা গ্রহণকারীর নিকট প্রেরণ করা হচ্ছে;
- সমুদ্রগামী জাহাজের নাবিকদের পরীক্ষাসহ বিভিন্ন ধরণের আবেদন অন-লাইনে গ্রহণ পদ্ধতি প্রবর্তন করা হয়েছে;
- নন-ট্যাক্স রাজস্ব আদায়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে সেবা গ্রহণকারী প্রদত্ত বিবিধ ফিস অন-লাইনে গ্রহণ করা হচ্ছে।

২। ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহের অগ্রগতি :

- ৩৭১ কোটি টাকা ব্যয়ে "Establishment of Global Maritime Distress & Safety System (GMDSS) এবং ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম

স্থাপন” শীর্ষক প্রকল্প গৃহীত হয়েছে, যার বাস্তবায়ন চলমান রয়েছে। এ প্রকল্প বাস্তবায়িত হলে উপকূলীয় এলাকায় দূর্যোগপূর্ণ আবহাওয়া ও জরুরী প্রয়োজনে উপকূলীয় এলাকার জনগন, এ এলাকায় চলাচলরত মাছধরা ট্রলার, ছোট ছোট নৌযান, অভ্যন্তরীণ জাহাজ ও নাবিকগণ মুহূর্তের মধ্যে প্রশাসনের সাথে যোগাযোগ করতে সক্ষম হবে। উক্ত প্রকল্প বাস্তবায়নের ফলে উপকূলীয় এলাকায় চলাচলকারী নৌযানসমূহ মনিটরিংসহ নৌ চলাচলে নিরাপত্তা নিশ্চিত হবে । প্রকল্পের টেন্ডারের টেকনিক্যাল পার্টের অনুমোদন পাওয়া গেছে। ২৭/৩/২০১৭ইং তারিখে আর্থিক পার্ট ওপেন করতঃ মূল্যায়ন করা হচ্ছে।

- শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শিপিং সংশ্লিষ্ট ০৪টি আইন-কানুন বাংলায় রুপান্তরসহ যুগোপযোগী করণের কার্যক্রম চলমান রয়েছে।

৩। <u>ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে আগামীর পরিকল্পনা :</u>

- অধিদপ্তরে ই-টেন্ডারিং পদ্ধতি প্রবর্তন,
- অভ্যন্তরীণ শাখার মাষ্টার-ড্রাইভারদের পরীক্ষায় অবতীর্ণ হওয়া ও সনদ গ্রহণের আবেদন অন-লাইনে দাখিল করার পদ্ধতি চালু করণ,
- মেরিন কোর্টের মামলার সংখ্যা ডিজিটালাইজড করা,
- “ন্যাশনাল শিপস্ এন্ড মেকানাইজড বোট্ ডাটা বেইজ ম্যানেজমেন্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন|
- ই-ফাইলিং ব্যবস্থা প্রবর্তন।
- সেবা গ্রহণকারী কর্তৃক বিভিন্ন ধরণের আবেদন অন-লাইনে গ্রহণ পদ্ধতি প্রবর্তন করা ।

সমুদ্র পরিবহন অধিদপ্তরের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীনে সমুদ্র পরিবহন অধিদপ্তর একটি রেগুলেটরী সংস্থা। মেরিটাইম প্রশাসক হিসাবে অভ্যন্তরীণ নৌযান এবং সমুদ্রগামী জাহাজের সেইফটি, সিকিউরিটি কার্যক্রম গ্রহণ ছাড়াও জাহাজে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ ও সনদায়ন, মেরিটাইম ট্রেড এর উন্নয়ন কার্যক্রম করে থাকে। Inland Shipping Ordinance (ISO) ও Merchant Shipping Ordinance (MSO) এর আওতায় প্রণীত বিভিন্ন বিধিমালা বাস্তবায়নের মাধ্যমে এই অধিদপ্তর মূল কার্যক্রম পরিচালনা করে।

সমুদ্র পরিবহন অধিদপ্তরের উদ্ভাবন সংক্রান্ত সম্পাদিত কার্যক্রমঃ

- অধিদপ্তরের সকল কম্পিউটার লোকাল এরিয়া নেটওয়ার্ক এর আওতায় আনা হয়েছে এবং ওয়াই-ফাই ইন্টারনেট সেবা প্রবর্তিত হয়েছে।
- অধিদপ্তর এবং এর আওতাধীন সংস্থাসমূহের ওয়েবসাইট তৈরী করা হয়েছে।
- নাবিকদের বিদেশী জাহাজে যোগদান সহজ করার উদ্দেশ্যে ILO কনভেনশনের আলোকে Seafarer's Machine Readable Identity Document (SID) জারীর কার্যক্রম চালু করা হয়েছে।
- IMO এর বিধান অনুযায়ী Long Range Identification and Tracking (LRIT) System গড়ে করা হয়েছে।
- বাংলাদেশী নাবিকদের যোগ্যতা সনদের অন-লাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।
- নাবিকদের সিডিসি'র ডাটা বেইজ তৈরী করতঃ অন-লাইন যাচাই ব্যবস্থা চালু করা হয়েছে।
- নাবিকদের অনুকূলে জারীকৃত Certificate of Proficiency (CoP) এর ডাটা বেজ করা হয়েছে।
- নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের উদ্দেশ্যে ২য় প্রজন্মের সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে।
- কাজ-কর্মে স্বচ্ছতা আনয়ন এবং নিরাপত্তা বিধানের উদ্দেশ্যে অধিদপ্তরে সিসিটিভি চালু করা হয়েছে।
- দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রবর্তন করা হয়েছে।
- শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শিপিং সংশ্লিষ্ট আইন-কানুনসমূহ যুগোপযোগী করণের কার্যক্রম চলমান রয়েছে।
- "Establishment of Global Maritime Distress & Safety System (GMDSS) এবং ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন" শীর্ষক প্রকল্প গৃহীত হয়েছে, যার বাস্তবায়ন চলমান রয়েছে। এ প্রকল্প বাস্তবায়িত হলে উপকূলীয় এলাকায় দূর্যোগপূর্ণ আবহাওয়া ও জরুরী প্রয়োজনে উপকূলীয় এলাকার জনগন, এ এলাকায় চলাচলরত মাছধরা ট্রলার, ছোট ছোট নৌযান, অভ্যন্তরীণ জাহাজ ও নাবিকগণ মুহূর্তের মধ্যে প্রশাসনের সাথে যোগাযোগ করতে সক্ষম হবে। ফলে তাদের নিরাপত্তা বৃদ্ধি পাবে। এছাড়া দূর্ঘটনা কবলিত নৌযান উদ্ধার কাজে সহায়ক হবে।